

ঢাকা ওয়াসা


বিষয়ঃ- ঢাকা ওয়াসার স্থায়ী সম্পদ, মজুদ মালামাল এবং ঋণ ও অনুদানের তথ্য হালনাগাদের কাজটি সঠিকভাবে চলমান রাখার স্বার্থে পরামর্শক প্রতিষ্ঠানের সাথে পরবর্তী ০১ (এক) বছরের জন্য Operation & Maintenance (O&M) চুক্তি সম্পাদন সংক্রান্ত।

০১। ঢাকা ওয়াসার স্থায়ী সম্পদ, মজুদ মালামাল এবং ঋণ ও অনুদানের হিসাব যাচাই-বাছাই ও মূল্যায়নসহ পূর্ণাঙ্গ তালিকা প্রণয়নের কাজটি পরামর্শক প্রতিষ্ঠান Hussain Farhad & Co., Chartered Accountants এর মাধ্যমে গত ৩০ এপ্রিল, ২০২৩ ইং তারিখে সম্পন্ন করা হয়। উক্ত কাজের Final Report ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে গত ২৫ অক্টোবর, ২০২৩ তারিখে অনুষ্ঠিত ঢাকা ওয়াসা বোর্ডের ৩১০ তম সভায় “পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত ঢাকা ওয়াসার যাবতীয় স্থায়ী সম্পদ ও মজুদ মালামালের পুনঃমূল্যায়ণ এবং ঋণ ও অনুদানের হিসাব হালনাগাদকরণ সংক্রান্ত প্রতিবেদন গ্রহণ ও তা আর্থিক বিবরণীতে অন্তর্ভুক্তির অনুমোদন করেন”।

০২। ঢাকা ওয়াসার স্থায়ী সম্পদ, মজুদ মালামাল এবং ঋণ ও অনুদানের হিসাব যাচাই-বাছাই ও মূল্যায়নসহ পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন কমিটি কর্তৃক দাখিলকৃত সুপারিশ মোতাবেক সফটওয়্যারের মাধ্যমে স্থায়ী সম্পদ, মজুদ মালামাল এবং ঋণ ও অনুদানের তথ্য হালনাগাদের কাজটি সঠিকভাবে চলমান রাখা, FAIMS (Fixed Assets & Inventory Management Section) এর কার্যক্রম পরিচালনায় সহায়তা করা, সফটওয়্যার দুটি রক্ষণাবেক্ষন এবং ঢাকা ওয়াসার সংশ্লিষ্ট কর্মীদের প্রশিক্ষণের লক্ষ্যে প্রথম পর্যায়ে ০১ (এক) বছরের বছরের জন্য Operation & Maintenance Contract (OMC) চুক্তি সম্পাদন করা হয়। উক্ত চুক্তির মেয়াদ আগামী ৩১ জানুয়ারী, ২০২৫খ্রি. তারিখে শেষ হবে।

০৩। ঢাকা ওয়াসার স্থায়ী সম্পদ, মজুদ মালামাল এবং ঋণ ও অনুদানের তথ্য হালনাগাদের কাজটি সঠিকভাবে চলমান রাখার স্বার্থে ও Inventory Management Committee (IMC) ‘র সুপারিশের আলোকে এবং পিপিআর-২০০৮ এর ধারা ১০৪ এর (ঘ) (৩) মোতাবেক “ইতঃপূর্বে সম্পাদিত কাজের স্বাভাবিক ধারাবাহিকতায় আবশ্যিক কাজের ক্ষেত্রে প্রারম্ভিকভাবে নির্বাচিত পরামর্শকের সেবা বা কাজ অব্যাহত রাখতে, কারিগরি আঙ্গিক, অর্জিত অভিজ্ঞতা এবং একই পরামর্শকে অব্যাহত পেশাগত দায়বদ্ধতার ধারাবাহিকতা অক্ষুণ্ণতা রাখার স্বার্থে নূতন প্রতিযোগিতা অনুষ্ঠানের পরিবর্তে উক্ত পরামর্শক কর্তৃক অব্যাহতভাবে কার্যসম্পাদন শ্রেয় হইতে পারে” বিধায় পরামর্শক প্রতিষ্ঠান Hussain Farhad & Co., Chartered Accountants এর সাথে দ্বিতীয় পর্যায়ে (এক) বছরের জন্য একটি Operation & Maintenance Contract (OMC) করার লক্ষ্যে পিপিআর-২০০৮ এর ধারা ১০৪ এর (ঘ) (৩) ও (৫) মোতাবেক Procurement of Services by Single Source Selection (SSS) Method অনুসরণপূর্বক সেবা কাজটি সংগ্রহের লক্ষ্যে একটি TOR প্রস্তুত করা হয়েছে (ক্রঃ নং-০১ দ্রঃ)।

০৪। ঢাকা ওয়াসার স্থায়ী সম্পদ, মজুদ মালামাল এবং ঋণ ও অনুদানের তথ্য হালনাগাদের কাজটি চলমান রাখার নিমিত্তে দ্বিতীয় পর্যায়ে আগামী ০১ ফেব্রুয়ারী, ২০২৫ খ্রিঃ হতে ৩১ জানুয়ারী, ২০২৬ খ্রিঃ পর্যন্ত মোট ০১ (এক) বছরের জন্য Operation & Maintenance Contract (OMC) করার লক্ষ্যে ৬০,৮৫,৮০০/- (ষাট লক্ষ পঁচাশি হাজার আটশত) টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। একই সাথে Bangladesh Public Procurement Authority (BPPA) কর্তৃক প্রণীত Standard Request for Proposal (SREP) PS6 (National-Time Base) অনুসরণপূর্বক প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত একটি RFP Documents প্রস্তুত করা হয়েছে (ক্রঃ নং-০২ ও ০৩ দ্রঃ)। প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিলে Procuring Entity হিসেবে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে দেখানো হয়েছে। এক্ষেত্রে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক RFP ইস্যুসহ চুক্তি সম্পাদন ও তৎপরবর্তী চুক্তি ব্যবস্থাপনার যাবতীয় কার্যক্রম পরিচালনার অনুমোদন দেওয়া যেতে পারে।

০৫। পরামর্শক প্রতিষ্ঠান হতে প্রাপ্ত প্রস্তাব মূল্যায়ণ ও নেগোশিয়েশন করার লক্ষ্যে নিম্নোক্ত ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি “মূল্যায়ণ ও নেগোশিয়েশন কমিটি” গঠন করা যেতে পারে :-

ক) উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ)	-	আহবায়ক
খ) প্রধান প্রকৌশলী	-	সদস্য
গ) উপ-সচিব, কমন সার্ভিস বিভাগ	-	সদস্য
ঘ) হিসাব রক্ষণ কর্মকর্তা	-	সদস্য
ঙ) উপ-প্রধান অর্থ কর্মকর্তা	-	সদস্য-সচিব।

০৬। এমতাবস্থায় উপরোক্ত বিস্তারিত বর্ণনার আলোকে ঢাকা ওয়াসার স্থায়ী সম্পদ, মজুদ মালামাল এবং ঋণ ও অনুদানের তথ্য হালনাগাদের কাজটি চলমান রাখার নিমিত্তে দ্বিতীয় পর্যায়ে আগামী ০১ ফেব্রুয়ারী, ২০২৫ খ্রিঃ হতে ৩১ জানুয়ারী, ২০২৬ খ্রিঃ পর্যন্ত মোট ০১ (এক) বছরের জন্য Operation & Maintenance Contract (OMC) করার লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাবসমূহের সদয় অনুমোদন দেওয়া যেতে পারে :-

ক) পিপিআর-২০০৮ এর ধারা ১০৪ এর (ঘ) (৩) ও (৫) মোতাবেক Procurement of Services by SSS Method অনুসরণপূর্বক সেবা ক্রয়ের অনুমোদনসহ প্রস্তুতকৃত TOR এবং RFP (Request for Proposal) Documents অনুমোদন,

খ) Operation & Maintenance Contract (OMC) করার লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলন বাবদ ৬০,৮৫,৮০০/- (ষাট লক্ষ পঁচাশি হাজার আটশত) টাকা ব্যয়ের অনুমোদন,

গ) উক্ত কাজের ব্যয়ভার হিসাব বিভাগের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের “অটোমেশন এন্ড ডিজিটাইজেশন” খাত হতে নির্বাহের অনুমোদন,

ঘ) পরামর্শক প্রতিষ্ঠান হতে প্রাপ্ত প্রস্তাব মূল্যায়ণ ও নেগোশিয়েশন করার লক্ষ্যে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট “মূল্যায়ণ ও নেগোশিয়েশন কমিটি” গঠনের প্রস্তাব অনুমোদন এবং

ঙ) Procuring Entity হিসেবে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে মনোনয়নসহ RFP ইস্যু, চুক্তি সম্পাদন ও তৎপরবর্তী চুক্তি ব্যবস্থাপনার যাবতীয় কার্যক্রম পরিচালনার অনুমোদন দেওয়া যেতে পারে।

০৭। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অনুমোদনের জন্য নথিখানা উপস্থাপন করা হলো।



16-01-2025
Md. Rokan-Uz-Zaman
Accounts Officer
Accounts Division
Dhaka WASA.


16-01-25
মোঃ আনিসুর রহমান পাটোয়ারী
উপ-প্রধান অর্থ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।


16/01/25
Md. Sona Miah
Chief Accounts Officer
Dhaka WASA.


16-01-25
মোঃ আনিসুর রহমান
উপ-প্রধান অর্থ কর্মকর্তা (অর্থ)
ঢাকা ওয়াসা।


DMD


16-01-25
মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়



পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬
ও
পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮

মোঃ মোক্কেল-ইজ-জামান
হিসাব রক্ষণ কর্মকর্তা
হিসাব বিভাগ
ঢাকা ওয়ারা।

মুদ্রণ ও প্রকাশনা শাখা
(এই আইন ও বিধিমালা ফেব্রুয়ারি, ২০২১ সন পর্যন্ত সংশোধিত)

উপ-পরিচালক (মুদ্রা-সচিব), গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

ফেব্রুয়ারি-২০২১

বিধি	সময়, মূল্য, ইত্যাদি
	পণ্য ও সংশ্লিষ্ট সেবার মূল্যসীমা :
	২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত উন্মুক্ত ও সীমিত দরপত্র পদ্ধতিতে ক্রয় ; ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত সরাসরি দরপত্র পদ্ধতিতে ক্রয় ; ৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ক্রয় ; ২[***] বৈদেশিক মিশনসমূহের ক্ষেত্রে ২[২০ (বিশ)] লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ক্রয় ; ২[১] বাংলাদেশের বাহিরে জাতীয় পতাকাবাহী বাহনের ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত সরাসরি ক্রয় পদ্ধতিতে ক্রয় ।
বিধি	সময়, মূল্য, ইত্যাদি
	কার্য এবং ভৌত সেবার মূল্যসীমা :
	৭৩ (তিন) কোটি টাকা পর্যন্ত উন্মুক্ত ও সীমিত দরপত্র পদ্ধতিতে ক্রয় ; ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত সরাসরি দরপত্র পদ্ধতিতে ক্রয় ; ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে ক্রয় ।
	সেবাসমূহের মূল্যসীমা :
	৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার পর্যন্ত সর্বনিম্ন বায়জিটিক নির্বাচন পদ্ধতিতে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় ; ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত একক উৎসভিত্তিক নির্বাচন পদ্ধতিতে বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় ; ৪[***]
৮(৮)	মূল্যায়ন কমিটির সভার বৈধতার জন্য অন্তত ৩ (তিন) জন সদস্যের উপস্থিতি আবশ্যিক হইবে ।
৮(১৪)	কারিগরি সাব-কমিটির সদস্য সংখ্যা :
	অনধিক ৩ (তিন) জন ।
৮(১৫)	মূল্যায়ন কমিটির সদস্য প্রতি ফি বা সম্মানী :
	১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে : - প্রতি সভার জন্য সদস্য প্রতি ৩০০০ (তিন হাজার) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন)টি সভার জন্য ৯০০০ (নয় হাজার) টাকা ;

১এস, আর, ও নং ১৬৫-আইন/২০১৮, তারিখ : ৭ জুন, ২০১৮ দ্বারা "জাতীয় পতাকাবাহী বাহন ও " শব্দগুলি বিলুপ্ত হইবে এবং অতঃপর পঞ্চম এন্ট্রি সংযোজিত, সেকশন-৭ (খ) (আ)।

২এস, আর, ও নং ৩৪৫-আইন/২০১৬, তারিখ : ২১ নভেম্বর, ২০১৬ দ্বারা "১৫ (পনেরা)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "২০ (বিশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত, সেকশন-৩০ (ক)।

৩এস, আর, ও নং ১৬৫-আইন/২০১৮, তারিখ : ৭ জুন, ২০১৮ দ্বারা "৫০(পঞ্চাশ) লক্ষ" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি, পরিবর্তে "৩ (তিন) কোটি" সংখ্যা বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত, সেকশন-৭ (খ) (ঈ)।

৪এস, আর, ও নং ১৬৫-আইন/২০১৮, তারিখ : ৭ জুন, ২০১৮ দ্বারা "এন্ট্রি" বিলুপ্ত, সেকশন-৭ (খ) (ঈ)।

৫এস, আর, ও নং ৭৬-আইন/২০১১, তারিখ : ২৭ মার্চ, ২০১১ দ্বারা প্রতিস্থাপিত, সেকশন-২৩ (খ)।

৬এস, আর, ও নং ৩৪৫-আইন/২০১৬, তারিখ : ২১ নভেম্বর, ২০১৬ দ্বারা "এন্ট্রিসমূহ" প্রতিস্থাপিত, সেকশন-৩০ (খ)।

বিধি	সময় মূল্য, ইত্যাদি
	১ (এক) কোটি টাকার ঊর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে : ▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ২০০০(দুই হাজার) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন)টি সভার জন্য ৬০০০ (ছয় হাজার) টাকা ; ১০ (দশ) লক্ষ টাকার ঊর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে : ▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ১০০০(এক হাজার) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন)টি সভার জন্য ৩০০০ (তিন হাজার) টাকা ; ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে : ▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৬০০(ছয় শত) টাকা হারে, সর্বোচ্চ ৩ (তিন)টি সভার জন্য ১৮০০ (এক হাজার অষ্টশত) টাকা ; কারিগরি সাব-কমিটির সদস্য প্রতি ফি/সম্মানী : ১০ (দশ) কোটি টাকার ঊর্ধ্বের ক্রয়ের ক্ষেত্রে : ▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৩০০০(তিন হাজার) টাকা হারে, সর্বোচ্চ ২ (দুই)টি সভার জন্য ৬০০০ (ছয় হাজার) টাকা ; ১ (এক) কোটি টাকার ঊর্ধ্ব হইতে ১০ (দশ) কোটি টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে : ▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ২০০০(দুই হাজার) টাকা হারে, সর্বোচ্চ ২ (দুই)টি সভার জন্য ৪০০০ (চার হাজার) টাকা ; ১০ (দশ) লক্ষ টাকার ঊর্ধ্ব হইতে ১ (এক) কোটি টাকার পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে : ▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ১০০০ (এক হাজার) টাকা হারে, সর্বোচ্চ ২ (দুই)টি সভার জন্য ২০০০ (দুই হাজার) টাকা ; ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত ক্রয়ের ক্ষেত্রে : ▶ প্রতি সভার জন্য সদস্য প্রতি ৬০০(ছয়শত) টাকা হারে, সর্বোচ্চ ২ (দুই) সভার জন্য ১২০০ (এক হাজার দুইশত) টাকা ।]]
	যে মূল্যের চুক্তির ক্ষেত্রে একই মন্ত্রণালয় বা বিভাগ বা এজেন্সী অধীনস্থ অপরাপর ক্রয়কারীসমূহের কর্মকর্তাকে মূল্যায়ন কমিটির বহিঃসদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা যাইবে :
	***]
১৬ (১১)	ক্রয়-পরিকল্পনা সিপিটিইউর ওয়েবসাইটে প্রকাশ : ▶ ১ (এক) কোটি টাকার বা তদূর্ধ্ব মূল্যের কার্য, পণ্য এবং সংশ্লিষ্ট সেবা ক্রয়ের ক্ষেত্রে ; ▶ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব মূল্যের ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে ; ▶ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব মূল্যের বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় ।
১৮ (১) (গ)	প্রাক-দরপত্র সভার কার্যবিবরণী বিতরণের সময় : ▶ অনধিক ১ (এক) সপ্তাহ ।